

# সমকাল

## ঢাবি 'ঘ' ইউনিটের পরীক্ষা বাতিল দাবিতে শিক্ষার্থীর আমরণ অনশন

৯ ঘণ্টা আগে

### বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের পরীক্ষা বাতিলের দাবিতে আমরণ অনশনে বসেছেন আইন বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী আখতার হোসেন। গতকাল দুপুরে রাজু ভাস্কর্যের পাদদেশে অনশন শুরু করেন তিনি।

সরেজমিন দেখা যায়, অনশনকালে আখতারের পেছনে প্ল্যাকার্ডে লেখা 'যদি পরীক্ষা শুরুর এক মিনিট আগেও প্রশ্ন পাওয়া যায়, তবুও সেটা প্রশ্ন ফাঁস', 'প্রশ্নপত্রের নিরাপত্তা চাই', 'জালিয়াতদের বহিস্কার চাই', 'হোতাদের বিচার চাই', 'অনশন', 'প্রশ্ন ফাঁস!!!? না, মেধাবীদের গলায় ফাঁস এ দায় নেবে কে।'

আখতার সমকালকে বলেন, যে প্রশ্নে পরীক্ষা নেওয়া হয়েছে সেটা ফাঁস হওয়া প্রশ্ন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে দাবি, পরীক্ষা বাতিল করে পুনরায় নেওয়া হোক। প্রকৃত মেধাবীদের মেধার মূল্যায়ন করা হোক। এ সময় তিনি তিনটি দাবি জানান। দাবিগুলো হলো- প্রশ্নপত্রের নিরাপত্তা, এ পর্যন্ত জালিয়াতি করে ভর্তি হওয়াদের বহিস্কার ও প্রশ্ন ফাঁসে জড়িতদের আইনের আওতায় এনে সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর একেএম গোলাম রাব্বানী বলেন, পরীক্ষা নেওয়া এবং ফল প্রকাশ করা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমের অংশ। কে কী দাবি করছে সেটা তার একান্ত ব্যক্তিগত বিষয়।

ফল বাতিলের দাবি প্রগতিশীল ছাত্রজোটের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা ও ঘোষিত ফল বাতিলের দাবি জানিয়েছে প্রগতিশীল ছাত্রজোটের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা। একই সঙ্গে জড়িতদের গ্রেফতার, 'ঘ' ইউনিট ভর্তি পরীক্ষার প্রধান সমন্বয়কারী ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক সাদেকা হালিমের পদত্যাগ দাবি করেছে তারা। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানান তারা। দাবি আদায়ে আজ বুধবার সন্ধ্যায় রাজু ভাস্কর্য থেকে মশাল মিছিল কর্মসূচি পালন করবেন তারা। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্র ফেডারেশনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি উম্মে হাবিবা বেনজীর।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com